দৈনিক বাংলা

তারিখ ... ১৫।৭।৮৩ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ১ ...

080



গত সোমবার শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ ন্যাশনাল ব্যাংক লিমিটেডের খুলনা শাখা উদ্বোধন করেন। তাঁর বাঁয়ে ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর জনাব এম হায়দার চৌধুরী অনুষ্ঠান দেখছেন।

## অর্থনৈতিক কর্মকাণ্ড গতিশীল করতে হবে ঃ মজিদ

গত সোমবার খুলনায় ন্যাশনাল ব্যাংক লিমিটেডের ৭ম শাখা উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান।

মন্ত্রী তাঁর ভাষণে দেশের অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল করার জন্য উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে বেসরকারী ব্যাংকগুলির প্রতি আহ্বান জানান।

তিনি সরকারী ও বেসরকারী খাতের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর জনাব এম হায়দার চৌধুরী। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ব্যাংকের পরিচালকমন্ডলীর চেয়ারম্যান ডঃ এ আর মল্লিক, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জনাব আর এ হাওলাদার। খবর প্রেস বিজ্ঞপ্তির।

## ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষক সমিতির এক সাধারণ সভা সোমবার টিএসসিতে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের গবেষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়।

এ সভায় জনাব মোহাম্মদ লোকমানকে সভাপতি ও জনাব মোহাম্মদ ইমদাদুল হককে সাধারণ সম্পাদক করে ১৯৮৩-৮৪ সালের জন্যে গবেষক সমিতির ১৫ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদ গঠন করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।